

“যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্প

মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৪

ব্রি বীজ বপন যন্ত্র

ধান চাষাবাদে চারা রোপণ একটি শ্রমঘন কাজ। দেশে সরকারী ও বেসরকারী উদ্যোগে রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্র দিয়ে ধানের চারা রোপণ শুরু হয়েছে। রাইস ট্রান্সপ্লান্টার দিয়ে চারা রোপণের জন্য ম্যাট টাইপ চারা তৈরি করতে হয়। ম্যাট টাইপ চারা তৈরিতে সমভাবে বীজ ছিটানো জরুরী। বীজ সমভাবে না পরলে ট্রান্সপ্লান্টার দিয়ে বীজ বপনের সময় মিসিং হিলের পরিমাণ বেড়ে যায়। হাতে বীজ ছিটানো অনেক কষ্ট সাধ্যকাজ এবং সমভাবে বীজ ছিটানো যায় না। যন্ত্রের সাহায্যে বীজতলা/ড্রে'তে অল্প সময়ে সমভাবে বীজ ছিটানো যায়। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ফার্ম মেশিনারী এন্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগে বাস্তবায়নধীন “যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ (এসএফএমআরএ) প্রকল্পের অর্থায়নে প্রকল্প পরিচালক ড. এ কে এম সাইফুল ইসলাম এর তত্ত্বাবধানে ব্রির বিজ্ঞানীরা আলম ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপের এর সহায়তায় দেশীয় কাঁচামাল ব্যবহার করে ২০২১ সনে ব্রি বীজ বপন যন্ত্রের উন্নয়ন করেছেন। রাইস ট্রান্সপ্লান্টার কৃষকদের মাঝে জনপ্রিয় করার জন্য বীজ বপন যন্ত্র অপরিহার্য।

উদ্দেশ্য

১. কম সময় এবং কম খরচে বীজতলা তৈরী
২. সমানভাবে (Uniformly) অংকুরিত বীজ ছিটানো এবং উপরের স্তরের মাটি প্রয়োগ
৩. শ্রমশক্তির সাশ্রয় এবং
৪. কমিউনিটি বেইজ চারা তৈরীর পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে গ্রামীণ উদ্যোক্তা তৈরী

যন্ত্রের কারিগরি বৈশিষ্ট্য

- ❖ যন্ত্রটি স্থানীয় ওয়ার্কশপে সহজলভ্য কাঁচামাল দিয়ে খুব সহজে তৈরী করা যায়
- ❖ স্বল্প প্রশিক্ষণপ্রাপ্ত নারী/পুরুষ চালাতে পারে
- ❖ প্রতিটি ড্রে'তে অংকুরিত বীজ ছিটাতে ১ (এক) সেকেন্ড সময় লাগে
- ❖ এই যন্ত্র দিয়ে প্রতি ঘন্টায় ৭,০০০-৭,৩০০ টি ড্রে বীজ ছিটানো যায় যেখানে হাতে প্রতি ঘন্টায় ৬০-৬৫ টি ড্রে বীজ ছিটানো যায়
- ❖ যন্ত্রটি দিয়ে প্রতি ড্রে'তে ৯৫ থেকে ১৬০ গ্রাম অংকুরিত বীজ বপন করা যায়
- ❖ যন্ত্রটির সাহায্যে বীজ বপনের পর বুরবুরে মাটি দিয়ে উপরের স্তর (৬ মিমি) কভার করা যায়
- ❖ খুব সহজে বিভিন্ন জাতের ধানের জন্য বীজ বপনের হার নিয়ন্ত্রণ করা যায়
- ❖ যন্ত্রের ওজন (৯ কেজি) কম হওয়ায় সহজে বহন করা যায়
- ❖ হোপারের বীজ ধারন ক্ষমতা ৯ কেজি হওয়ায় প্রতিবার ৬০ থেকে ৭৫টি ড্রে তৈরী করা যায়
- ❖ মূল্য: ৮,০০০ টাকা।

ড. একেএম সাইফুল ইসলাম
প্রকল্প পরিচালক
এসএফএমআরএ প্রকল্প
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
কৃষি মন্ত্রণালয়